# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www. Sylhetboard.gov.bd

স্মারক নং: সিশিবো/বিদ্যা/স্বীকৃতি/সুনাম/২০২৩/ ২১১৮

তারিখ: ৬ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয় : মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র : বিদ্যালয় মঞ্জুরী কমিটির ২৯/১১/২০২৩ তারিখের সভার সুপারিশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাগীব-রাবেয়া উচ্চ বিদ্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ-কে নিম্ন বর্ণিত শর্তে ০১/০১/২০২৩ তারিখ হতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত ০২ (দুই) বৎসরের জন্য মাধ্যমিক পর্যায়ে মানবিক ও বিজ্ঞান শাখায় একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। আরোপিত শর্ত পূরণের ব্যর্থতায় এ স্বীকৃতি বাতিল করার ক্ষমতা শিক্ষা বোর্ড সংরক্ষণ করে।

**শর্তাবলী:**

১. উক্ত স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;
২. আগামী ০৬(ছয়) মাসের মধ্যে স্বতন্ত্র লাইব্রেরি, আইসিটি ল্যাব ও বিজ্ঞানাগার স্থাপন করতে হবে;
৩. সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের অনুমতি ব্যতিত কোনক্রমেই উত্তোলন করা যাবে না;
৪. নিয়মিত অডিট কার্যক্রম চালু রাখতে হবে এবং অডিট রিপোর্ট কমিটির সভায় উপস্থাপন পূর্বক অনুমোদন করাতে হবে;
৫. এনসিটিবি কর্তৃক অনুমোদিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে;
৬. সরকার কর্তৃক নির্দেশিত জাতীয় অনুষ্ঠানগুলি যথাযথভাবে পালন করতে হবে;
৭. সহপাঠ্যক্রমিক কার্যাবলীঃ যেমন- খেলাধুলা, শরীরচর্চা, স্কাউটিং ও দেশীয় সংস্কৃতির চর্চা চালু রাখতে হবে;
৮.শিক্ষার্থীদের দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
৯. শিক্ষার সার্বিক মানোন্নয়নের লক্ষ্যে বছরে ন্যুনতম ০২ (দুই) বার শিক্ষার্থী-অভিভাবক সমাবেশের ব্যবস্থা করতে হবে;
১০. গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি বিধিমালা-২০০৯ যথাযথভাবে অনুসরণ করত হবে;
১১. ধর্মীয় ও সামাজিক মূল্যবোধের সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না;
১২. প্রতিষ্ঠানের চারপাশে বনজ, ফলজ ও ঔষধি বৃক্ষ রোপণকরতঃ পরিচর্যার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের ০৩ (তিন) মাস পুর্বে যথা নিয়মে নবায়নের জন্য আবেদন করতে হবে। আরোপিত শর্তসমূহ পরিপুরণ জনিত পরিদর্শন প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী মেয়াদের জন্য স্বীকৃতি নবায়নের বিষয়টি বিবেচনা করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২১.১২.২০২৩

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
sylschoolsection@gmail.com

প্রধান শিক্ষক
রাগীব রাবেয়া উচ্চ বিদ্যালয়
ডাকঘর: বাংলাবাজার, উপজেলা: দোয়ারাবাজার
জেলা:সুনামগঞ্জ।

সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,বাংলাদেশ, ঢাকা।
৩। মহাপরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়-১, সোনারগাঁও রোড, (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।
৬। জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

CamScanner

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
বিদ্যালয় শাখা
www.sylhetboard.gov.bd

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৪০০.৬৯.০৫৫.২২.৮১৫

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৯
২২ মে ২০২২

বিষয়: ম্যানেজিং কমিটি অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্র: তাঁর ২৪/০৪/২০২২ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা ২০০৯''এর ৪৯-ধারানুযায়ী নিম্নলিখিত সদস্য সমন্বয়ে গঠিত তাঁর বিদ্যালয়ের ম্যানেজিং কমিটিকে অনুমোদন দেয়া হলো।

ম্যানেজিং কমিটি

| ক্রমিক নং | সদস্যগণের নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব মেজর (অব:) শায়েখুল হক চৌধুরী | সভাপতি | সংস্থা কর্তৃক মনোনীত |
| ২ | জনাব মিসেস জিন্নাত জাহান মর্জিনা | শিক্ষক প্রতিনিধি | |
| ৩ | জনাব মো: হাদিস মিয়া | শিক্ষক প্রতিনিধি | |
| ৪ | জনাব হাজী ফজলুর রহমান | অভিভাবক প্রতিনিধি | |
| ৫ | জনাব মো: ফজলুর রহমান | অভিভাবক প্রতিনিধি | |
| ৬ | জনাব জয়তুন নেছা | অভিভাবক প্রতিনিধি (মহিলা) | |
| ৭ | প্রধান শিক্ষক, উক্ত প্রতিষ্ঠান | সদস্য সচিব | পদাধিকার বলে |

উল্লেখ্য, উক্ত কমিটি প্রথম সভার তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থায়ী হবে। বিদ্যমান কমিটির মেয়াদের মধ্যে উক্ত কমিটির প্রথম সভা করা যাবে না এবং কমিটির মেয়াদ উত্তীর্ণের ৩০ (ত্রিশ) দিন পূর্বে অবশ্যই পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের জন্য নির্বাচন সম্পন্ন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২২-৫-২০২২
মোঃ জাহাঙ্গীর আলম
সহকারী বিদ্যালয় পরিদর্শক
ইমেইল:
chairmanbisesyl@gmail.com

প্রধান শিক্ষক,রাগীব-রাবেয়া উচ্চ বিদ্যালয়,
দোয়ারাবাজার, সুনামগঞ্জ

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৪০০.৬৯.০৫৫.২২.৮১৫/১(২)

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৯
২২ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জনাব মেজর (অব:) শায়েখুল হক চৌধুরী, সভাপতি, ম্যানেজিং কমিটি, রাগীব-রাবেয়া উচ্চ বিদ্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

২) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

CamScanner

# রাগীব-রাবেয়া উচ্চ বিদ্যালয়

## RAGIB-RABEYA HIGH SCHOOL

স্থাপিত : ২০১৪

রাগীব-রাবেয়া ফাউন্ডেশনের একটি প্রতিষ্ঠান

সূত্রঃ- RRHS-Dow-Sun-১০৮/202৫ তারিখঃ০৯/০৭/202৫ইং

### জে.এস.সি

| পরীক্ষার সাল | অংশগ্রহণকারী মোট ছাত্র/ছাত্রী | অংশগ্রহণকারী ছাত্র | অংশগ্রহণকারী ছাত্রী | শতকরা পাসের হার | A+ | A | A- | B | C | D | F |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২১ | ৮২ | ৪৭ | ৩৫ | ১০০% | | | | | | | |
| ২০২২ | ৯৫ | ৫৫ | ৪০ | ১০০% | | | | | | | |
| ২০২৩ | ৬৫ | ৩৫ | ৩০ | ১০০% | | | | | | | |
| ২০২৪ | ১০৬ | ৪৩ | ৬৩ | ১০০% | | | | | | | |

### এস.এস.সি

| পরীক্ষার সাল | অংশগ্রহণকারী মোট ছাত্র/ছাত্রী | অংশগ্রহণকারী ছাত্র | অংশগ্রহণকারী ছাত্রী | শতকরা পাসের হার | A+ | A | A- | B | C | D | F |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | ৯৫ | ৪৫ | ৪৫ | ৭৬.৮৪% | ০৪ | ১৫ | ১৪ | ২২ | ১৮ | - | ২২ |
| ২০২৩ | ৬১ | ৩০ | ৩১ | ৫৫.৭৪% | - | ২ | ৮ | ১১ | ১৩ | - | ২৭ |
| ২০২৪ | ৬০ | ৩৩ | ২৭ | ৯৯% | - | ১৪ | ১৩ | ১৩ | ১৮ | ০১ | ০১ |

০৯/০৭/202৫

মোঃ মোস্তাফিজুর রহমান
প্রধান শিক্ষক
রাগীব-রাবেয়া উচ্চ বিদ্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ

CamScanner